দৈনিক বাংলা

তারিখ ... 01 AUG 1989 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম 5 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২৪

৭৫

028

# তিনটির যে কোন একটি বই কিনলেই হবে: পাঠ্য পুস্তক বোর্ড

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড গতকাল শনিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে যে পাঠ্যপুস্তকের গুণগত মানোন্নয়ন ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে এবং শিক্ষার্থীরা যাতে একাধিক পাঠ্য পুস্তক থেকে তাদের পছন্দ মত বই নির্বাচন করতে পারে সে জন্য ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত প্রতি বিষয়ের ওপর তিনটি করে পাঠ্যপুস্তক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রসঙ্গে বোর্ডের পক্ষ থেকে স্পষ্টভাবে বলা হয় যে একজন শিক্ষার্থীকে কোন ক্রমেই একটি বিষয়ের জন্যে একাধিক বা তিনটি বই কিনতে হবে না।

সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টির বিস্তারিত ব্যাখ্যা দিয়ে বলা হয়, প্রকৃতপক্ষে একজন শিক্ষার্থীকে প্রতি বিষয়ের জন্যে লিখিত ৩টি বইয়ের মধ্য থেকে নির্বাচন করে মাত্র একটি বই কিনতে হবে। প্রতিটি বইয়ের শিক্ষাক্রম ও পাঠ্য সূচী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য সূচী অনুযায়ীই লিখিত হবে। সুতরাং কোন একই বিষয়ের জন্যে তিনটি বই কিনতে হবে বলে যে ধারণার সৃষ্টি হয়েছে তা সঠিক নয়।